

## মুক্তমনাদের কাব্যের ভীড়ে ফরিদ এর দ্রৌহী গদ্য

-নুরজ্জামান মানিক

এই দারুণ (!) সময়ে আমাদের মুক্তমনা বন্ধু অভিজিত, নন্দিনী (সম্পাদক-সাতরং), জাহেদ, অনন্ত প্রমুখ যখন গদ্য কে শ্বশুর বাড়ি পাঠিয়ে দিয়ে লিখে চলেছেন একের পর এক দাহিকাসম্পন্ন কবিতা এবং এই সিদ্ধান্তে যখন আসলাম , যাক বাবা মুক্তমনা যখন কাব্যমনা (ফরিদ ভাই অনেক আগে লিখেছিলেন এ নিয়ে) হয়ে গেছে তখন আমি না হয় অক্ষরবৃত্ত,মাত্রাবৃত্ত কিংবা শব্দ অনুষ্-জ্ঞ , উনুপ্রাশ নিয়ে চিন্তা না করে সওয়ার হয়ে যাই ব্যাটা গদ্যের পিঠে। মুক্তহৃদে লিখে ফেলি গদ্যকবিতা কিংবা ফ্রেশ গদ্য।

বিষয় তো Ready। মুক্তিযুদ্ধ, আত্মপরিচয় সঙ্কট, জামাত, যুদ্ধাপরাধি ইত্যাদি। Draft করেই ফেলেছি কিন্তু এমন সময় হাতে পেলাম নন্দিনীর খুচরো কথা (সাতরং এ প্রকাশিত) এবং মুক্তমনা'র সঞ্চালক ফরিদ আহমেদের চরম দাহিকাসম্পন্ন বর্তমান গদ্য। আমার লেখার খায়েশ আপাতত স্থগিত থাকল।

ফরিদ ভাই কি নতুন কিছু বলেছেন ? বাড়িয়ে বলেছেন ? মিথ্যা বলেছেন? সত্য-মিথ্যা মিলিয়ে বলেছেন?

উত্তর হবে এক কথায়ঃ না।

মুক্তিযুদ্ধের ৩৬ বছর পরেও আমাদের এখনও শুনতে হয় ‘গন্ডগল’, গৃহযুদ্ধ ,ভারত এর ষড়যন্ত্র এবং বামদের কাছ থেকে ‘৬ দফা CIA এর তৈরি, মুক্তযুদ্ধ ছিল ‘দুই কুকুরের কামড়াকামড়ি’।

চরম মর্মান্তিক ও দুঃখজনক হলেও অপ্রিয় সত্য হল, আমাদের সবচেয়ে গৌরবের মুক্তিযুদ্ধ কে আমরা মুক্তিযুদ্ধ সম্পর্কিত ব্যক্তিরাই দলীয় ও ব্যক্তি স্বার্থে বিতর্কিত করে তুলেছি।